

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৪৫.০১.৩০.২৩-৯০৩


তারিখঃ ০৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ

“নিলাম বিক্রয়”

এতদ্বারা প্রকৃত করাত কল মালিক, গাছ ক্রয়কারী ব্যবসায়ী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শহীদ স্মৃতি বালিকা উচ্চ বিদ্যালয়ের বিভিন্ন প্রজাতির ছোট বড় ১৩ (তের) টি গাছ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ২১/১১/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। সেমতে আগ্রহী প্রার্থীকে গাছগুলি সরেজমিনে পরিদর্শন পূর্বক আগামী ২১/১১/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১-৩০ ঘটিকায় সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নিম্নবর্ণিত শর্তে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিলাম ডাকের শর্তাবলীঃ-

- ১। নিলাম ডাককারীকে ডাকে অংশ গ্রহণের পূর্বে ৫,০০০/-টাকা জামানত (অফেরতযোগ্য) প্রদান পূর্বক ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। সর্বোচ্চ ডাক কারীকে ডাকের টাকা যথাসময়ে দিতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ৩। ডাক/ইজারামুল্যের উপর প্রচলিত বিধি অনুযায়ী অতিরিক্ত ১৫% হারে ভ্যাট ও ৫% হারে আয়কর জমা দিতে হবে।
- ৪। সর্বোচ্চ ডাক কারীকে নিলাম কার্যক্রম শেষ হওয়ার সাথে সাথে ডাকের সাকুল্য টাকা জমা দিয়ে কার্যাদেশ নিতে হবে।
- ৫। নিলাম কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে গাছ কেটে নিয়ে যেতে হবে।
- ৬। নিলাম কর্তৃপক্ষ নিলামের বিষয়ে যে কোনো ধরনের পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০৬/১১/২০২৩
ওয়াহিদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সরকারী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের
মালিকানাধীন গাছ কর্তন ও নিলাম বিক্রয় কমিটি
কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৪৮৪৫.০১.৩০.২৩-৯০২

তারিখঃ ০৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলোঃ-

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), কটিয়াদী, কিশোরগঞ্জ।

জ্ঞাতার্থে ও বহল প্রচারের জন্য অনুরোধ করা হলোঃ

- ৪। উপজেলা কর্মকর্তা, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৫। চেয়ারম্যান. (সকল) ইউনিয়ন পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৬। সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ।
- ৭। ফরেস্টার, উপজেলা বন কর্মকর্তা, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ৮। প্রধান শিক্ষক, শহীদ স্মৃতি বালিকা উচ্চ বিদ্যালয়, ঘিলাকান্দি, কটিয়াদী।
- ৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা. ইউনিয়ন ভূমি অফিস, কটিয়াদী, কিশোরগঞ্জ
- ১০। জনাব.....করাত কল মালিক/ গাছ ক্রয়কারী ব্যবসায়ী/ ব্যবসায়ী, কটিয়াদী
- ১১। নোটিশ বোর্ড. অফিস, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- ১২। অফিস কপি।